

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি সংস্কার বোর্ড  
শাখা-৩ (পরিবহন ও উন্নয়ন)  
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি  
তেজগাঁও, ঢাকা-১২০৮  
[www.lrb.gov.bd](http://www.lrb.gov.bd)

বিষয়: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব সোলেমান খান

চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

তারিখ : ২০-০৯-২০২২ খ্রি।

সময় : বেলা ০২:০০ ঘটিকা।

স্থান : ভূমি সংস্কার বোর্ড-এর সভাকক্ষ, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।


সভাপতি সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকার আলোকে “ভূমি সংস্কার বোর্ড-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩” প্রণয়ন করা হয়েছে। অতঃপর তিনি সভার এজেন্ডাভুক্ত বিষয়গুলো উপস্থাপন করেন। ভূমি সংস্কার বোর্ড-এর সদস্য (ভূমি ব্যবস্থাপনা) মহোদয় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত বিবিধ কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সভায় উপস্থিত অন্যান্য সদস্যগণ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সংশ্লিষ্ট দপ্তরে গৃহীত উদ্যোগসমূহের বিষয়ে আলোকপাত করেন এবং এ বিষয়ে তাঁদের মতামত ব্যক্ত করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত :

১. জনদুর্ভোগ কমাতে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সহকারী কমিশনার (ভূমি)-গণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সময়োপযোগী ও জনগুরুত্বপূর্ণ উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে জনবান্ধব সেবা নিশ্চিত করবেন।
২. সেবা গ্রহীতাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে দ্রুত সময়ে মধ্যে বিধি মোতাবেক সেবা প্রদান নিশ্চিত করবে।
৩. দুর্নীতি প্রতিরোধে সভা করা এবং দুর্নীতি প্রতিরোধ লিফলেট, পোস্টার, ফেস্টুন ইত্যাদি প্রকাশের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর লক্ষ্যমাত্রা অর্জনে গুরুত্বসহকারে সকল কার্যক্রম বাস্তবায়ন করবে।

পরিশেষে সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
(সোলেমান খান)  
চেয়ারম্যান (সচিব)  
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০১৩.৩৫.০০১.২২.১০৯

তারিখ : ১১ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ  
২৬ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
০২. উপ-ভূমি সংস্কার কমিশনার-১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
০৩. সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৩/৪/৫/৬/হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
০৪. চেয়ারম্যান (সচিব) এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)।
০৫. সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬. অফিস কপি।



(সাবরিনা সুলতানা)

সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩

(অতিরিক্ত দায়িত্ব)

ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৮১৭০১৫৫

ই-মেইল: alrc3@lrb.gov.bd